



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 8  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : বোধ পরীক্ষণ

Date : 05.08.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

বিকাশ আর সুভাষ খুব ভালো সাঁতার জানে। সেদিন নদীতে সাঁতার দিতে গিয়ে পঁচিশজন সাঁতারুকে ওরা হারিয়ে দিয়েছে। ওদের সাঁতার দেখতে সেদিন বাঁধাঘাটে পাঁচ হাজার লোক জমায়েত হয়েছিল।

সকলেরই সাঁতার জানা দরকার। সাঁতার জানলে জলে ডোবার ভয় থাকে না। সাঁতার কাটলে শরীরের খুব উপকার হয়।

একদিন বিকালে সাঁতার কাটতে কাটতে বিকাশ আর সুভাষের দেরী হয়ে গেল। আকাশে চাঁদ উঠে গেল। নদী থেকে ফেরার পথে তারা দেখল কতকগুলি বাঁদর কাঁঠাল গাছের নিচে বসে আছে। সুভাষ একটা টিল ছুঁড়ে তাদের দিকে মারল। অমনি বাঁদরগুলো দাঁতমুখ খিঁচিয়ে তাদের দিকে তেড়ে এল। ওরা দৌড়ে সেখান থেকে পালাল।

১) কারা ভালো সাঁতার জানে?

উঃ বিকাশ আর সুভাষ ভালো সাঁতার জানে।

২) সাঁতার দেখার জন্য লোকেরা কোথায় জমায়েত হয়েছিল?

উঃ সাঁতার দেখার জন্য লোকেরা বাঁধাঘাটে জমায়েত হয়েছিল।

৩) পঁচিশজন সাঁতারুকে কারা হারিয়ে দিয়েছিল?

উঃ পঁচিশজন সাঁতারুকে বিকাশ আর সুভাষ হারিয়ে দিয়েছিল।

৪) সাঁতার জানা দরকার কেন?

উঃ সাঁতার জানা দরকার কারণ, সাঁতার জানলে জলে ডোবার ভয় থাকে না।

৫) বাঁদরগুলো কোথায় বসেছিল?

উঃ বাঁদরগুলো একটা কাঁঠাল গাছের নিচে বসেছিল।

৬) কে বাঁদরগুলোর দিকে টিল ছুঁড়ে মেরেছিল?

উঃ সুভাষ বাঁদরগুলোর দিকে টিল ছুঁড়ে মেরেছিল।

৭) অর্থ লেখ : জমায়েত

জমায়েত — গণ সমাবেশ।

৮) বিপরীত শব্দ লেখ : ভয়

ভয় — সাহস।

৯) শূন্যস্থান পূরণ কর।

সাঁতার কাটলে শরীরের খুব উপকার হয়।

১০) বাক্য রচনা কর : দৌড়

দৌড় — আমার ভাই দৌড় প্রতিযোগিতায় প্রথম হয়েছে।

১১) প্রতিশব্দ লেখ :

নদী — তটিনী।

১২) পদ পরিবর্তন কর : আকাশ

আকাশ — আকাশী।